ইমাম-মুয়াজ্জিনদের সম্মানী কার্যক্রমের উদ্বোধন শনিবার



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রধানমন্ত্রী তারেক রহমান ইমাম ও মুয়াজ্জিনদের সম্মানী প্রদান কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বৃহস্পতিবার (১২ মার্চ) এ সংক্রান্ত এক বিজ্ঞপ্তি প্রকাশ করেছে।

মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা ইমরানুল হাসান জানান, ইমাম ও মুয়াজ্জিনদের সঙ্গে খাদেম, পুরোহিত, সেবায়েত, বিহার অধ্যক্ষ ও উপাধ্যক্ষদের সম্মানী প্রদান কার্যক্রমও একই দিনে উদ্বোধন করা হবে।

সরকারের এই উদ্যোগ দেশের ধর্মীয় ও সামাজিক নেতাদের প্রতি শ্রদ্ধা প্রদর্শনের অংশ হিসেবে গ্রহণ করা হয়েছে।

LENS ASIA